

জনসেবায়
রাজস্ব প্রশাসন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস
শিবপুর, নরসিংদী
www.acl.shibpur.narsingdi.gov.bd



স্মারক নম্বর: ৩১.১৫.৬৮৫৬.০০১.০০.০৩২.২৩-৮০০

তারিখ: ৩১ শে অক্টোবর ২০২৩
১৫ ই কার্তিক ১৪৩০

সরকারী গাছ প্রকাশ্য নিলাম ডাকের বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, শিবপুর উপজেলার দুলালপুর ইউনিয়ন ভূমি অফিসের বাউন্ডারী ওয়াল নির্মাণের জন্য ০২ টি রেন্ডি কড়ই গাছ, ০৩টি কাঠাল গাছ এবং ০১টি আম গাছসহ মোট ০৬টি জীবিত গাছ আগামী ০৮-১১-২০২৩ খ্রি. তারিখ বেলা ১০.০০ ঘটিকার সময় উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের কার্যালয়ের সন্মেলন কক্ষে শর্ত সাপেক্ষে প্রকাশ্য নিলাম ডাকের মাধ্যমে বিক্রয় করা হবে। আগ্রহী ডাককারীগণকে যথাসময়ে ডাকে অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো।

শর্তসমূহঃ

- ১। উক্ত ৬ (ছয়) টি গাছের বনবিভাগ কর্তৃক নির্ধারিত সর্বনিম্ন মূল্য ৩৮,৩৯৫/- (আটত্রিশ হাজার তিনশত পঁচানব্বই) টাকা।
- ২। ডাকে অংশগ্রহণকারী ব্যক্তিকে জামানত বাবদ ৯,৬০০/- (নয় হাজার ছয়শত) টাকা প্রদান করতে হবে।
- ৩। ডাকের টাকার উপর ১৫% ভ্যাট ও ১০% আয়কর চালানোর মাধ্যমে জমা দিতে হবে।
- ৪। সর্বোচ্চ ডাককারীর ডাক গ্রহণযোগ্য হবে।
- ৫। ডাকের সাকুল্য টাকা এককালীন জমা দিতে হবে।
- ৬। নির্ধারিত সময়ের মধ্যে ডাকের অর্থ জমা দিতে ব্যর্থ হলে জামানত বাজেয়াপ্ত হবে এবং সরকারের কোষাগারে জমা হবে।
- ৭। নিলাম ডাকে অংশ নেয়ার পূর্বে আবশ্যিকভাবে উক্ত গাছগুলো দেখে আসতে হবে।
- ৮। নির্ধারিত সময়ের মধ্যেই বিক্রিত গাছগুলো অপসারণ করতে হবে।
- ৯। নিলাম বিজ্ঞপ্তি বাতিল ও সংরক্ষণসহ নিলাম বিজ্ঞপ্তির যে কোন অংশ পরিবর্তন ও সংশোধনের ক্ষমতা নিলামকারী কর্তৃপক্ষ সংরক্ষণ করে। নিলাম প্রদানের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। এ বিষয়ে কোন আপত্তি করা যাবে না।

মাহমুদুল হাসান রাসেল
সহকারী কমিশনার (ভূমি)

ও
সদস্য সচিব
উপজেলা নিলাম কমিটি
শিবপুর, নরসিংদী

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে-

- ১। জেলা প্রশাসক, নরসিংদী
- ২। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), নরসিংদী
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, শিবপুর, নরসিংদী
- ৪। উপজেলা প্রকৌশলী, শিবপুর, নরসিংদী।
- ৫। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ, শিবপুর, নরসিংদী।
- ৬। উপজেলা বন কর্মকর্তা, সামাজিক বনায়ন কেন্দ্র, শিবপুর নরসিংদী
- ৭। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, ইউনিয়ন ভূমি অফিস, শিবপুর, নরসিংদীকে উক্ত নিলাম ডাকের বিজ্ঞপ্তি ব্যাপক প্রচার করে ডাকের পূর্বে সার্ভিস রিটার্ন প্রেরণের জন্য বলা হলো এবং নিলাম ডাকের দিন ও ধার্য সময়ে উপস্থিত থাকার জন্যও বলা হলো।
- ৮। নোটিশ বোর্ড অফিস।